

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৫০২

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মুসলিম ব্যক্তির জন্য জায়েয আছে আহলে যিম্মাহ (মুসলিম রাষ্ট্রে বসবাসকারী চুক্তিবদ্ধ অমুসলিম) প্রদত্ত সালামের জবাব দেওয়া

ذِكْرُ إِبَاحَةِ رَدِّ السَّلَامِ لِلْمُسْلِمِ عَلَى أَهْلِ الذِّمَّةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ: أَنَّهُ سَمِعَ ابْنَ عُمَرَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الْيَهُودَ إِذَا سَلَّمُوا عَلَيْكُمْ إِنَّمَا يَقُولُ أَحَدُهُم: السَّامُ عَلَيْكَ فَقُلْ: وَعَلَيْكَ).

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 502 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৫০২. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “ইয়াহুদিরা যখন তোমাদের সালাম দেয়, তখন তারা বলে, “আস সামু ‘আলাইকা” (অর্থাৎ তোমার মৃত্যু হোক!) কাজেই তোমরা জবাবে বলবে, “ওয়া ‘আলাইকা” (অর্থাৎ তোমার উপরও।)”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২১৬৪; তিরমিযী: ১৬০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৬৩০; মুসনাদ আহমাদ: ২/১৯; সহীহ আল বুখারী: ৬৯২৮; সুনান বাইহাকী: ৯/২০৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩১১২; আবু দাউদ: ৫২০৬; মুয়াত্তা ইমাম মালিক: ৩/১৩২; আদাবুল মুফরাদ: ১১০৬।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২২৪২।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88966>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন